# Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 24 May, 2025

শেরপুরের ঝিনাইগাতীতে বন্য হাতির আক্রমণে নিহত এপিলিস মারাক ও আজিজুর রহমানের পরিবারকে আর্থিক সহায়তা দিয়েছেন বিএনপি নেতা এডভোকেট এরশাদ আলম জর্জ।

শুক্রবার (২৩মে) দুপুরে মো. এরশাদ আলম জর্জ স্থানীয় বিএনপির নেতা-কর্মীদের নিয়ে নিহতদের পরিবারের বাড়ীতে গিয়ে নিহতের পরিবারের সদস্যদের হাতে ৫ হাজার করে টাকা তুলেদেন। এডভোকেট এরশাদ আলম জর্জ সাবেক ছাত্রনেতা ও বাংলাদেশ জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের কেন্দ্রীয় কমিটির যুগ্ম সাধারণ সম্পাদক।তিনি শেরপুর -৩ (শ্রীবরদী - ঝিনাইগাতী) আসনের আগামী জাতীয় সংসদ নির্বাচনে মনোনয়ন প্রত্যাশী।

জানা গেছে, গত মঙ্গলবার দিবাগত রাতে উপজেলার কাংশা ইউনিয়নের গান্ধিগাঁও গ্রামের আজিজুর রহমান আকাশ ও বড় গজনী এলাকার এপিলিস মারাক বন্য হাতির আক্রমণে মারা যায়।

এমতাবস্থায় বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের ঘোষিত ৩১ দফা বাস্তবায়নের লক্ষে তারেক জিয়ার নির্দেশে নিহত ২ পরিবারের সদস্যদের হাতে ১০ হাজার টাকা অনুদান তুলে দেন।এ সময় দলীয় নেতা কর্মীদের পাশাপাশি স্থানীয় সাংবাদিকরা উপস্থিত ছিলেন।

শেরপুর বিএনপি নেতা,

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 02:09

URL: https://timestodaybd.com/public/across-the-country/7758072844